দৈনিক ইনকিলাব

৬৭

5 MAY 1996

তারিখ ...

পৃষ্ঠা ... ২ ... কলাম ...

# ঝড়ে ঢাকা বিঃবিঃ বাসের উপর গাছ ভেঙ্গে পড়ে ছাত্র-ছাত্রীসহ আহত ২০

বিশ্ববিদ্যালয় রিপোর্টার: গতকাল বিকালে প্রবল ঝড়ের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলের পশ্চিম গেটে দোয়েল চত্বর মোড়ে দাঁড়ানো বিশ্ববিদ্যালয়ের দু'টি ছাত্র বাসের উপর একটি বিশাল গাছ ভেঙ্গে পড়ায় ১৮ জন ছাত্র-ছাত্রীসহ ২০ জন আহত হয়েছে। আহতদের ১১ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের মধ্যে ২ জনের

২-এর পৃঃ ৫-এর কঃ দেখুন



গতকাল বিকেলে ঝড়ের সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল গেটে অপেক্ষমাণ দুইটি ছাত্র বাসের উপর একটি বিশালাকৃতির গাছ ভেঙ্গে পড়ে। উদ্ধার কর্মীরা বাসের জানালা কেটে আটকে পড়া ছাত্র-ছাত্রীদের বের করে। ইনসেটে একজন ছাত্রীকে উদ্ধার করা হচ্ছে —ইনকিলাব

## গাছ ভেঙ্গে পড়ে

প্রথম পৃষ্ঠার পর

অবস্থা গুরুতর। একজনকে পঙ্গু হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্মৃতি নামের একজন ছাত্রী [illegible] মাথায় মারাত্মক আঘাতপ্রাপ্ত হয়ে অজ্ঞান অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ঘটনার ৪০ মিনিট পর ফায়ার ব্রিগেডের উদ্ধার কর্মীরা গিয়ে ক্ষতিগ্রস্ত বাসের ভিতর থেকে আটকে পড়া ছাত্র-ছাত্রীদের উদ্ধার করে। গণপূর্ত বিভাগের একটি ক্রেনের মাধ্যমে বাসের উপর থেকে গাছটি সরানো হয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল বিকেল ৫টা ১৫ মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল সংলগ্ন দোয়েল চত্বর এলাকায় প্রবল বেগে [illegible] আঘাত হানে। এ সময় কার্জন হলের পশ্চিম গেটে বিশ্ববিদ্যালয়ের মীরপুর রুটের ছাত্রবাস 'বৈশাখী' ঢাকা মেট্রো-চ-০৮-০০১৪ এবং উত্তরা রুটের ছাত্রবাস 'ক্ষণিকা' ঢাকা মেট্রো-চ-০৮-০০১৭ দাঁড়ানো ছিল। বৈশাখী বাসটি ছাত্র-ছাত্রীদের নিয়ে রওয়ানা হওয়ার মুহূর্তে প্রচন্ড ঝড়-বৃষ্টি শুরু হলে বাসটি দাঁড়িয়ে থাকে। এ সময় প্রবল বাতাস কার্জন হল গেটের একটি বিশালাকৃতির শতাব্দী প্রাচীন কাঠবাদাম গাছ উপড়ে দু'টি বাস দু'টির উপরে পড়ে। ফলে বাস দু'টি দুমড়ে মুচড়ে যায়। বৈশাখী বাসে অবস্থানকারী ছাত্র-ছাত্রীরা বাসের ছাদের নীচে চাপা পড়ে বাসের ভিতর আটকে পড়ে। গাছ পড়ার বিকট শব্দ ও ছাত্র-ছাত্রীদের প্রচন্ড চিৎকারে আশপাশে অবস্থানকারী পুলিশ ও ছাত্র-ছাত্রীরা ছুটে আসে। অল্প সময়ের মধ্যে ঝড় বন্ধ হয়ে যায় এবং পুলিশ ও অন্যরা আটকে পড়া ছাত্র-ছাত্রীদের উদ্ধার করতে শুরু করে। ঘটনার পরপরই পুলিশ কন্ট্রোল রুম ও ফায়ার ব্রিগেডে খবর দেয়া হলে পুলিশ ও ফায়ার সার্ভিসের উদ্ধারকারীরা গিয়ে বৈশাখী বাসের জানালা কেটে কয়েকজন আটকে পড়া ছাত্র-ছাত্রীদের উদ্ধার করে আহত ছাত্রছাত্রীদের দ্রুত ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখান থেকে পায়ে মারাত্মক আঘাতপ্রাপ্ত দর্শন বিভাগের মাস্টার্সের ছাত্র মোশাররফ হোসেনকে পঙ্গু হাসপাতালে স্থানান্তর করা হয়। মনোবিজ্ঞান বিভাগের শেষ পর্বের ছাত্রী স্মৃতি পিঠে ও মাথায় মারাত্মক আঘাতপ্রাপ্ত হয়ে অজ্ঞান অবস্থায় রয়েছে। আহতদের মধ্যে সমাজ বিজ্ঞান শেষ পর্বের ছাত্রী মমিনা ইয়াসমীন, গণিত বিভাগের প্রথম বর্ষের ছাত্র সজল, পরিসংখ্যান বিভাগের দ্বিতীয় বর্ষের ছাত্র-ছাত্রী কামরুল, লিপি, নিয়াকত, [illegible] এবং বাসের ড্রাইভার ও হেলপারকে ঢাকা মেডিকেলে ভর্তি করা হয়েছে।